গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সচিবের দপ্তর
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

বিষয়ঃ ই-ভূমিসেবা বাস্তবায়নের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের মধ্যকার সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ আব্দুল জলিল, সচিব, ভূমি মন্ত্রণালয়।
সভার তারিখ	:	০২/১০/২০১৭ খ্রিঃ।
সভার সময়	:	বেলা ১১.০০ টা।
সভার স্থান	:	ভূমি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার হাজিরা	:	পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের পরিচালক (ই-সার্ভিস) ড. মোঃ আব্দুল মান্নান সভায় ভূমি মন্ত্রণালয়ের নেতৃত্বে এটুআই-এর সাথে ভূমি সংস্কার বোর্ড ও ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আলোকে ভূমিসেবা ডিজিটাইজেশনের লক্ষ্যে ইতোমধ্যে সম্পাদিত ও চলমান কার্যক্রম এবং অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন যে, সরকার ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে। তিনি বলেন যে, প্রায় ৫০ (পঞ্চাশ)টি ভূমিসেবা জনগন সরকারের বিভিন্ন সংস্থার কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের অফিস থেকে গ্রহণ করে থাকে। কম সময়, স্বল্প ব্যয় এবং সঠিকভাবে জনগনকে সেবা প্রদানের পাশাপাশি ভূমির তথ্য সঠিক পদ্ধতিতে সংরক্ষণ এর লক্ষ্যে এটির আধুনিক, দক্ষ ও তথ্য প্রযুক্তিসম্পন্ন ব্যবস্থাপনা অতীব জরুরী। এ লক্ষ্যকে সামনে রেখে ভূমিসেবাকে ডিজিটালাইজেশনের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় নানামূখী পদক্ষেপ গ্রহণ করেছে। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ।

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	সভাপতি বলেন যে, ভূমি রেজিস্ট্রেশন-এর সাথে নামজারি ওতপ্রোতভাবে জড়িত। তাই ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে সংযুক্ত করা প্রয়োজন। তা না হলে ই-নামজারির প্রকৃত সুফল জনগণ পাবে না। তাই ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে সংযুক্ত করার লক্ষ্যে আইন ও বিচার বিভাগকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে পত্র প্রদান করতে হবে।	এটুআই
০২	ড. মোঃ আব্দুল মান্নান, পরিচালক (ই-সার্ভিস), এটুআই বলেন যে, সহকারী কমিশনার (ভূমি)গণ উপজেলা পর্যায়ে ই-মিউটেশন সিস্টেম বাস্তবায়নে অতীব গুরুত্বপূর্ণ ভমিকা পালন করছেন। ভূমি প্রশাসন প্রশিক্ষন কেন্দ্রে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নব নিযুক্ত সহকারী কমিশনার (ভূমি)গণ ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক ই-নামজারি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য মডিউল প্রস্তুতের লক্ষ্যে পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র-কে আহবায়ক করে এটুআই ও ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে তিন সদস্যের কমিটি গঠন করতে হবে।	ভূমি মন্ত্রণালয়

	অংশগ্রহণ করে থাকেন বিধায় ই-মিউটেশন সিস্টেমের বিষয়ে উক্ত কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হলে ই-মিউটেশন বাস্তবায়নে নিঃসন্দেহে গতি সঞ্চারিত হবে।		
০৩	সভাপতি বলেন যে, ই-নামজারিতে প্রস্তুতকৃত খতিয়ানের কপি জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুম, ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা সেটেলমেন্ট অফিস এবং সাব-রেজিস্ট্রারের অফিসে প্রেরণের ব্যবস্থা রাখা প্রয়োজন যাতে এ সমস্ত স্থানে দ্রুত রেকর্ড হালনাগাদ করা সম্ভব হয়।	ই-নামজারিতে প্রস্তুতকৃত খতিয়ানের কপি জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুম, ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা সেটেলমেন্ট অফিস, সাব-রেজিস্ট্রারের অফিসে প্রেরণের ব্যবস্থা রাখতে হবে।	এটুআই
০৪	সভাপতি বলেন যে, ই-নামজারী কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা ভূমি অফিসের কার্যক্রম, ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রম এবং উপজেলা সেটেলমেন্ট অফিসের কার্যক্রম এর মধ্যে Electronic-Linkage স্থাপনের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে সার-সংক্ষেপ প্রেরণ করা প্রয়োজন।	ই-নামজারী কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষে উপজেলা ভূমি অফিসের কার্যক্রম, ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রম এবং উপজেলা সেটেলমেন্ট অফিসের কার্যক্রম এর মধ্যে Electronic-Linkage স্থাপনের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে সার-সংক্ষেপ প্রেরণ করতে হবে।	এটুআই ও ভূমি মন্ত্রণালয়
০৫	ড. মোঃ আব্দুল মান্নান, পরিচালক (ই-সার্ভিস), এটুআই বলেন যে, ই-নামজারি বাস্তবায়ন বিষয়টি জেলা রাজস্ব সভায় আলোচনার ব্যবস্থা গ্রহন করলে এর গতি বৃদ্ধি পাবে।	জেলা রাজস্ব সভায় ই-নামজারি কার্যক্রম আলোচ্য বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করতে হবে।	ভূমি মন্ত্রণালয়
০৬	সভাপতি বলেন যে, কৃষি খাস জমি, অকৃষি খাস জমি, ভিপি সম্পত্তি, দেওয়ানী মামলা, হাট-বাজার, জলমহাল, বালুমহাল ও অন্যান্য সায়রাত মহালের ডাটাবেজ না থাকায় অনেক সমস্যায় পড়তে হয়। তাই এ সকল ডাটাবেজ থাকা প্রয়োজন।	কৃষি খাস জমি, অকৃষি খাস জমি, ভিপি সম্পত্তি, দেওয়ানী মামলা, হাট-বাজার, জলমহাল, বালুমহাল ও অন্যান্য সায়রাত মহালের ডাটাবেজ প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করতে হবে।	এটুআই ও ভূমি মন্ত্রণালয়
০৭	ড. মোঃ আব্দুল মান্নান, পরিচালক (ই-সার্ভিস), এটুআই বলেন যে, ই-নামজারির জন্য ভূমি সংস্কার বোর্ড কর্তৃক চাহিত সার্ভারের জন্য অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ই-নামজারির জন্য ভূমি সংস্কার বোর্ড কর্তৃক চাহিত সার্ভারের জন্য অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ভূমি মন্ত্রণালয়

০৮	ভূমি মন্ত্রণালয়ের সকল Database এর Back-up Server স্থাপনের লক্ষে BCC তে পত্র প্রেরণ।	ভূমি মন্ত্রণালয়ের সকল Database এর Back-up Server স্থাপনের লক্ষে BCC তে পত্র প্রেরণ করতে হবে।	ভূমি মন্ত্রণালয়
০৯	ড. মোঃ আব্দুল মান্নান, পরিচালক (ই-সার্ভিস), এটুআই বলেন যে, ভূমি মন্ত্রণালয়ের তত্তাবধানে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং a2i এর সহযোগিতায় RS System তৈরি করা হয়েছে। এই System টিতে বর্তমানে ৯০ লক্ষ RS খতিয়ান আপলোড করা হয়েছে।	আরএস খতিয়ান (RS-K) সিস্টেমের উদ্বো ধন-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ভূমি মন্ত্রণালয় ও এটুআই

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।

০২/১১/২০২৩

(মোঃ আব্দুল জলিল)
সচিব
ভূমি মন্ত্রণালয়